গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয় : ‘‘মেঘনা নদীর ভাঙ্গন হতে ভোলা জেলার চরফ্যাশন পৌর সংরক্ষণ প্রকল্প (১ম সংশোধিত)’’ শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সচিব
সভার তারিখ	১৪/০১/২০২০।
সভার সময়	০৩.৩০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন-৩), পাসম সভাকে জানান ২৭৭৯৭.৫৮ লক্ষ টাকা ব্যয় সম্বলিত প্রকল্পটি চলতি ২০১৯-২০২০ অর্থ বছরে সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে। প্রকল্পের বাস্তব অগ্রগতি ৭৯.৪১% এবং আর্থিক অগ্রগতি ৭০.০৩%।

২। প্রকল্পটির অগ্রগতি ও বাস্তব অবস্থা নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত

১।	নির্বাহী প্রকৌশলী জানান যে, আলোচ্য প্রকল্পটি জুন ২০২০ সালে সমাপ্তির জন্য নির্ধারিত আছে। প্রকল্পের আওতাভূক্ত ১১ টি প্যাকেজের মধ্যে নদী তীর সংরক্ষণ সংক্রান্ত ০৮ টি প্যাকেজের গড় অগ্রগতি ৯৭%। সম্প্রতি কার্যাদেশ প্রদানকৃত ০২ টি প্যাকেজের গড় অগ্রগতি ৩৫%। আলোচনায় প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক জানান যে, নির্ধারিত সময়ের মধ্যে নদী তীর সংরক্ষণ কাজের প্যাকেজগুলো সম্পন্ন হবে। তিনি আরও জানান, প্রকল্পটির আওতাভূক্ত ড্রেজিং কাজের ৩.৯৫ কোটি টাকা মূল্যমানের ০১ টি প্যাকেজ আছে। বাপাউবো কর্তৃক গঠিত কারিগরি কমিটি, প্রকল্প এলাকায় ড্রেজিং কাজ ফলপ্রসু হবে না মর্মে সুপারিশ করেছেন। কারিগরি কমিটির সুপারিশের আলোকে ড্রেজিং প্যাকেজের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সভায় একমত পোষণ করা হয়। প্রকল্প পরিচালক জানান, ২০১৯-২০২০ অর্থ বছরে প্রকল্পটির অনুকূলে এডিপি বরাদ্দ রয়েছে ১৮.১৩ কোটি টাকা। প্রকল্পটি নির্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠভাবে সম্পন্ন করতে হলে ২০১৯-২০ অর্থ বছরে বরাদ্দের অতিরিক্ত ৬৬.৮৭ কোটি টাকা সহ মোট ৮৫.০০ কোটি টাকার বরাদ্দ প্রদান করা প্রয়োজন হবে। সভায় যুগ্মপ্রধান, পাসম জানান, চাহিদা অনুযায়ী বর্তমান বাজেটে অতিরিক্ত অর্থের সংস্থান করা সম্ভব হবে। প্রকল্পের নির্ধারিত সময়ের মধ্যে সকল কাজ সম্পন্ন করণের জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।	(ক) জুন ২০২০ এর মধ্যে প্রকল্পের সকল কাজ সমাপ্ত করতে হবে। বাস্তবায়নে : প্রকল্প পরিচালক। (খ) কারিগরি কমিটির সুপারিশের আলোকে ড্রেজিং কাজের বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক (গ) ২০১৯-২০২০ অর্থবছরে এডিপিতে বরাদ্দকৃত ১৮.১৩ কোটি টাকার অতিরিক্ত আরও ৬৬.৮৭ কোটি টাকা বরাদ্দ প্রদানের ব্যবস্থা করতে হবে। বাস্তবায়নে : যুগ্ম-প্রধান, পাসম। (ঘ) প্রকল্প সমাপ্তির পর যথা নিয়মে Project Completion Report (PCR) দাখিল করতে হবে। বাস্তবায়নে : প্রকল্প পরিচালক।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০১৫.১৬-২৪

তারিখ: ৫ মাঘ ১৪২৬
১৯ জানুয়ারি ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা ।

২) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

৩) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান, সেচ উইং)।

৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: উপপ্রধান, সাধারণ অর্থনীতি)।

৭) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৮) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

৯) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়

১০) অতিরিক্ত মহাপরিচালক, পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১১) অতিরিক্ত মহাপরিচালক, পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১২) যুগ্ম সচিব, যুগ্মসচিব উন্নয়ন-২ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১৩) যুগ্মপ্রধান, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

১৪) প্রধান পরিকল্পনা, প্রধান পরিকল্পনা, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৫) উপপ্রধান, পরিকল্পনা-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১৬) প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, ''মেঘনা নদীর ভাঙন হতে ভোলা জেলার চরফ্যাশন পৌর শহর সংরক্ষণ (১ম সংশোধিত)'' শীর্ষক প্রকল্প, দক্ষিণাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বরিশাল।

১৭) নির্বাহী প্রকৌশলী (সংশ্লিষ্ট প্রকল্প), ভোলা পওর বিভাগ-২, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ভোলা।

১৮) একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১৯) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৪ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

২০) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

নাজমুল ইসলাম ভূইয়া
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)